বাগেরহাটের নিউ বসুন্ধরার চেয়ারম্যানকে আত্মসমর্পণের নির্দেশ

র্নীতি দমন কমিশনের অর্থ পাচার মামলায় নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লিমিটেডের চেয়ারম্যান আনিসুর রহমানের জামিন স্থগিত করে আত্মসমর্পণের নির্দেশ দিয়েছে আপিল বিভাগ।

প্রধান বিচারপতিসহ ছয় বিচারপতির আপিল বেঞ্চ রোববার এই আদেশ দেয়।

আদালতে দুদকের আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী খুরশীদ আলম খান। তিনি বলেন, ‘দুদকের করা ১১০ কোটি টাকা পাচারের মামলায় নিউ বসুন্ধরা রিয়েল এস্টেটের চেয়ারম্যান আনিসুর রহমানকে হাইকোর্ট জামিন দিয়েছিল।

‘আমরা তার বিরুদ্ধে আপিলে গিয়েছি। আপিল বিভাগ তার জামিন স্থগিত করে দুই সপ্তাহের মধ্যে আত্মসমর্পণ করতে বলেছে। আর লিভ পিটিশনের শুনানি হবে আগামী ২৭ মে।’

গত বছরের ৮ অক্টোবর হাইকোর্ট তাকে জামিন দিয়েছিল।

মামলার বিবরণে বলা হয়, ২০১০ সালে বাগেরহাট জেলা প্রশাসকের কার্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারী ছিলেন আবদুল মান্নান তালুকদার। পরে তিনি স্বেচ্ছায় অবসর নিয়ে নিউ বসুন্ধরা রিয়েল এস্টেট লিমিটেড নামে একটি জমি কেনাবেচার প্রতিষ্ঠান গড়ে তোলেন। ওই প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক হন নিজে। আর প্রতিষ্ঠানটির চেয়ারম্যান করেন শহরের মিঠাপুকুরপাড় জামে মসজিদের ইমাম আনিসুর রহমানকে।

প্রতিষ্ঠানটি গ্রাহকদের প্রলোভন দেখিয়ে প্রায় ১১০ কোটি ৩১ লাখ ৯ হাজার ১৩৫ টাকা সংগ্রহ করে। টাকাগুলো প্রথমে বাগেরহাটের ১৬টি ব্যাংকের ৩০টি হিসাবে রাখা হয়। পরে সেখান থেকে ওই টাকা তুলে পাচার করা হয়েছে বলে দুদকের অভিযোগে বলা হয়েছে।

এই টাকা কোথায় পাচার করা হয়েছে তা জানতে দুদক অনুসন্ধানে নামে। এ ঘটনায় ২০১৮ সালের ৩০ মে বাগেরহাট শহরের আবদুল মান্নান তালুকদার ও আনিসুর রহমানের বিরুদ্ধে দুদক মানি লন্ডারিং আইনে একটি মামলা

করে।

এ মামলায় ২০১৯ সালে আনিসুর রহমানকে কারাগারে পাঠান বাগেরহাটের মুখ্য বিচারিক হাকিম। এরপর তিনি হাইকোর্ট থেকে ২০২০ সালের ৮ অক্টোবর জামিন নিয়ে বের হয়ে যান।